

শেকুবিতে শেরেবাংলার ৫৭তম মৃত্যুবার্ষিকী পালন

শেকুবি প্রতিনিধি ২৮ এপ্রিল ২০১৯ ০০:০০ | আপডেট: ২৮ এপ্রিল ২০১৯ ১০:০৬

মৃত্যুবার্ষিকী প্রতিনিধি
আমাদের মমতা

বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে অবিভক্ত বাংলার মুখ্যমন্ত্রী ও জাতীয় নেতা শেরেবাংলা আবুল কাশেম ফজলুল হকের ৫৭তম মৃত্যুবার্ষিকী পালন করেছে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়।

গতকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে শেরেবাংলার প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করেন উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহমদ।

এ সময় আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. সেকেন্দার আলী, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম, ছাত্র পরামর্শ ও নির্দেশনার পরিচালক এবং শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. মিজানুর রহমান, পোষ্ট গ্র্যাজুয়েট স্টাডিজের ডিন অধ্যাপক ড. পরিমল কান্তি বিশ্ববিদ্যালয়, রেজিস্ট্রার শেখ রেজাউল করিমসহ শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা। এর পর সকাল সাড়ে ১০টায় শেরেবাংলার মাজারে শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীসহ পুস্পার্ষ্য অর্পণ করে মরহুমের জন্য বিশেষ মোনাজাত করা হয়। জোহরের নামাজ শেষে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে মিলাদ মাহফিল ও দোয়ার আয়োজন করা হয়।